# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৩৬

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১১. যখন কোনো লোক তার হায়িযগ্রস্ত স্ত্রীর সাথে মিলিত হয়

بَاب إِذَا أَتَى الرَّجُلُ امْرَأَتَهُ وَهِيَ حَائِضٌ

## আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ أَيُّوبَ عَنْ أَبِي قِلَابَةَ أَنَّ رَجُلًا أَتَى أَبَا بَكْرٍ فَقَالَ رَأَيْتُ فِي الْمَنَامِ كَأَنِّي أَبُولُ دَمًا قَالَ تَأْتِي امْرَأَتَكَ وَهِيَ حَائِضٌ قَالَ نَعَمْ قَالَ اتَّقِ اللَّهَ وَلَا تَعُدْ

## বাংলা

১১৩৬. আবী কিলাবাহ হতে বর্ণিত, এক ব্যক্তি আবু বাকর রাদ্বিয়াল্লাহু আনহুর নিকট এসে বললো: আমি স্বপ্নে দেখছি, আমি যেন রক্ত পেশাব করছি। তুমি কি তোমার স্ত্রীর হায়িযগ্রস্ত অবস্থায় তার সাথে মিলিত হও? তখন সে বললো, হাঁ। তখন তিনি বললেন: আল্লাহকে ভয় কর। পূণরায় একাজ আর করো না।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ মুনকাতি’ বা বিচ্ছিন্ন। আবু কিলাবাহ উমার ইবনুল খাত্তাবের সাক্ষাত লাভ করেননি। ((ফলে আবু বকর রা: এর সাক্ষাতের প্রশ্নই উঠে না-অনুবাদক))।

তাখরীজ: আব্দুর রাযযাক নং ১২৭০; ইবনু আবী শাইবা ১/৪/৩১।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ কিলাবাহ্‌ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81419

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন